**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.teaboard.gov.bd

স্মারক নম্বর-২৬.০৯.০০০০.১০৪.৩৩.০৩৪.২০-১৬৭(৭)

তারিখ : ০২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: "জামান টি এগ্রো ফ্যাক্টরী" নামীয় বটলিফ চা কারখানায় তৈরি চায়ের যথাযথ হিসাব দিতে না পারায় চা কারখানার কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড়ের ৩১.০৫.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের বিটিবি/পঞ্চ/জামান টি ফ্যাক্টরী-১২১/২০২৪-৭০ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬.০৫.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ আনুমানিক বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড় এর উন্নয়ন কর্মকর্তা কর্তৃক আটোয়ারী উপজেলায় জামান টি এগ্রো ফ্যাক্টরী পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে কারখানার তৈরি চায়ের স্টক/গুদামে চায়ের মজুদ ও আরজি-১ খাতা যাচাই করা হয়। যাচায়ান্তে দেখা যায় যে, কারখানায় উৎপাদন রেজিস্টার ও কারখানায় প্রকৃত মজুদ চা অনুযায়ী ২৬.০৫.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ৮,১০০ কেজি তৈরি চা কম আছে। এছাড়া, ৯০ টি বর্জ্য চায়ের বস্তায় (৯০ x ৫০) = ৪,৫০০ কেজি চা থাকার কথা থাকলেও প্রকৃত পক্ষে (৯০ x ৩০) = ২,৭০০ কেজি বর্জ্য চা রয়েছে। অর্থাৎ (৪৫০০-২৭০০) = ১৮০০ কেজি চায়ের ঘাটতি রয়েছে। সেক্ষেত্রে সর্বমোট চায়ের ঘাটতি দাঁড়ায় ৯,৯০০ কেজি। উক্ত তৈরি চায়ের ঘাটতির বিষয়ে প্রশ্ন করা হলে তাঁর কাছ থেকে সন্তোষজনক উত্তর পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, "জামান টি এগ্রো ফ্যাক্টরী" নামীয় বটলিফ চা কারখানায় ৯,৯০০ কেজি তৈরি চা ঘাটতির বিষয়ে সুস্পষ্ট সমাধান না হওয়া পর্যন্ত তাঁর মালিকানাধীন চা কারখানার কার্যক্রম নির্দেশক্রমে স্থগিত করা হলো। একইসাথে কারখানাটি আগামী ১৭.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০৬/২০২৫

জি, এম, আহসান হাবিব
অর্থনীতিবিদ
ফোন: ০২৩৩৩৩৭৫০৬৩
ইমেইল:btbplanning@gmail.com

জনাব মো: ওয়ারেছ জামান
প্রোপ্রাইটর
জামান টি এগ্রো ফ্যাক্টরী
কৃষ্ণনগর, মির্জাপুর
উপজেলা: আটোয়ারী
জেলা: পঞ্চগড়।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) জেলা প্রশাসক. জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধাক্কামারা, পঞ্চগড়। (বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে অবহিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪। সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়।
৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। (বিষয়টি বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৬। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।